




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৯৬.১৫ - ৩২০

তারিখঃ ১৮/১১/২০১৮ খ্রি:

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি আপনার নিয়ন্ত্রণকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সঙ্গে উদ্যতপূর্ণ/অশালীন আচরণ করেছেন মর্মে অভিযোগ রয়েছে। এছাড়া আপনি সঠিকভাবে দায়িত্ব পালন না করাসহ সমিতি নিয়মিতভাবে পরিদর্শন না করায় খেলাপী ঋণ বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য, আপনি ঋণ বিতরণ করার সময় মাঠ কর্মীর নিকট হতে টাকা দাবী করেন এবং অফিসে অন্যান্য সহকর্মীদের সাথেও খারাপ আচরণ করেন মর্মে অভিযোগ রয়েছে। আপনার এ ধরনের উদ্যতপূর্ণ আচরণের জন্য উক্ত উপজেলায় প্রকল্প কার্যক্রম উত্তরোত্তর অবনতি হওয়াসহ বিআরডিবি'র ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এমতাবস্থায়, উর্ধ্বতন-অধ্বস্তন'দের সাথে উদ্যতপূর্ণ/অশালীন/অগ্রহণযোগ্য আচরণ এবং সঠিকভাবে দায়িত্ব পালন না করায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

জনাব মোঃ নূরুজ্জামান  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)  
উপজেলাঃ শ্রীপুর  
জেলাঃ মাগুড়া

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর জেলাঃ মাগুড়া।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুড়া।
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।